গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, রোড # ১, ব্লক # এ, মিরপুর-১১, ঢাকা-১২১৬
website : www.vatdhakawest.gov.bd

নথি নং-২-২(২৫৮)জনপ্রশাঃ/বিবিধ আদেশ/২০১৫/পার্ট-১/ ২৩৪৪ তারিখঃ ২২.০৭.২০২৬ খ্রিঃ

## গণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেবা গ্রহণে করদাতাদের বিভিন্ন সমস্যার সম্মুখীন হওয়া, অভিযোগ, অনুযোগ ও পরামর্শ গ্রহণের মাধ্যমে সেবার মানোন্নয়ন এবং সেবা প্রদানকে আরও জনবান্ধব ও কার্যকর করার লক্ষ্যে অধস্তন দপ্তরসমূহে নিয়মিত গণশুনানি আয়োজনের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০০.০০০০.০০০.০১১.০৯.০০০১.২৩-৫০৪, তারিখ: ২৮/০৭/২০২৫ খ্রি. এর মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে আগামী ১০/০৮/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় সদর দপ্তরের সম্মেলন কক্ষে একটি গণশুনানির আয়োজন করা হয়েছে। অতএব, আপনার প্রতিষ্ঠানের সেবা গ্রহণসংক্রান্ত কোনো সমস্যা, অভিযোগ, অনুযোগ, মতামত বা গঠনমূলক পরামর্শ থাকলে উক্ত গণশুনানিতে অংশগ্রহণের জন্য একজন উপযুক্ত প্রতিনিধিকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উক্ত গণশুনানিতে প্রাপ্ত মতামত ও পরামর্শ সেবার গুণগত মান উন্নয়ন এবং সেবাপ্রদান প্রক্রিয়াকে আরও কার্যকর ও জনবান্ধব করার ক্ষেত্রে সহায়ক হিসেবে বিবেচিত হবে।

২২/০৭/২০২৬
(কাজী ফরিদ উদ্দীন)
কমিশনার
ফোন: ০২-৪১০০২৬৫৯
ই-মেইল: dhakawestcom@gmail.com

o/c

নথি নং-২-২(২৫৮)জনপ্রশাঃ/বিবিধ আদেশ/২০১৫/পার্ট-১/ ২৩৪৪ (১-৯) তারিখ : ২২.০৭.২০২৬ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য (কাস্টমস এন্ড ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. অতিরিক্ত/যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
৪. বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, মিরপুর/পল্লবী/মোহাম্মদপুর/সাভার/হেমায়েতপুর/ধামরাই/মানিকগঞ্জ/টাংগাইল। (আগামী আগস্ট ২০২৬ মাসে সকল বিভাগীয় দপ্তরে এরূপ গণশুনানি আয়োজনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
৫. রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
৬. সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
৭. শাখা সহকারী (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
৮. নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
৯. অফিস কপি।

২২/০৭/২৬
(সিফাত-ই-মরিয়ম)
অতিরিক্ত কমিশনার

o/c